গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ২০

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ২১

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় দেশে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ তথা শিল্পায়ন, পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে বাজার সম্প্রসারণ, দক্ষ মানবসম্পদ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, সর্বোপরি রপ্তানি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের মোট রপ্তানি আয়ের বস্ত্র খাতে রপ্তানি আয় ২০১৯-২০,২০২০-২১ ও ২০২১-২২ (মে/২২ পর্যন্ত) অর্থবছরে যথাক্রমে ৮৩%, ৮৪.৪২%, ৮৪.৪৯% ছিলো। বস্ত্র আইন ২০১৮ এর ধারাবহিকতায় বস্ত্র বিধিমালা -২০২১ জারী করা হয়েছে। বস্ত্র খাতে ১২৬৮১ জন শিক্ষার্থীকে কারিগরি শিক্ষা প্রদান করা হয়েছে। বিজেএমসি'র বন্ধ ঘোষিত দুটি মিল লীজ ভিত্তিতে চালুর লক্ষ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং দুইটিতেই ইতোমধ্যে উৎপাদন শুরু হয়েছে । বিটিএমসি'র ১৬টি বন্ধ মিল চালু করার নিমিত্ত ১ম পর্যায়ে ২টি মিলের চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। উক্ত ২টি মিলের মধ্যে ১টি মিল হস্তান্তর করা হয়েছে ।২য় পর্যায়ে ৪টি মিল চালু করার লক্ষ্যে গত ১৮.০১.২০২২ তারিখে আন্তর্জাতিক টেন্ডার আহবান করা হয়েছে । রাজশাহী রেশম কারখানার ১৯টি লুম চালুর মাধ্যমে ২৮২১৩ মি. রেশম বস্ত্র উৎপাদন হয়েছে। ৪১ টি জেলার ৯৯ টি উপজেলায় আমার বাড়ি আমার খামার প্রকল্পের ৫২৮ টি সমিতির ২৩,৪১৬ জন সদস্যদের মধ্যে ২৬২৪ জন চাষীকে রেশম চাষে সম্পৃক্ত করা হয়েছে। জাতীয় রপ্তানিতে পাট ও পাটজাত পণ্য ২০২০-২১ অর্থ বছরে ২য় অবস্থানে উন্নীত হয়েছে । পাট আইন, ২০১৭ এর অধীন ৪০৮৮৯ টি লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়েছে। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন হওয়ায় পাটপণ্যের অভ্যন্তরীন ব্যবহার বৃদ্ধি পেয়েছে। অভ্যন্তরীণ বাজারে ২০২০-২১ অর্থ বছরে প্রায় ৩৪ কোটি পাটের বস্তা ব্যবহৃত হয়েছে। জেডিপিসির সহায়তায় বহুমূখী পাটপণ্য উৎপাদনকারী ৮১৪ জন উদ্যোক্তা কর্তৃক ২৮২ ধরনের বহুমূখী পাটপণ্য উৎপাদন করা হচ্ছে ,যা পাটপণ্যমেলায় প্রদর্শন ও বিপণনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বস্ত্র খাতের প্রধান চ্যালেঞ্জ হচ্ছে বস্ত্র আইন, ২০১৮ এর ধারাবাহিকতায় জারীকৃত বস্ত্র শিল্প (নিবন্ধন ও ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা, ২০২১ বাস্তবায়ন এবং বায়িং হাউজ নিবন্ধন নীতিমালার আওতায় স্বচ্ছ ও জবাবদিহিমূলক সেবা প্রদান, উৎপাদন উপকরণের মান নিয়ন্ত্রণ, তদারকি ও সমন্বয় সাধন। বন্ধ ঘোষিত সরকারি পাটকল ও বস্ত্রকলগুলো চালু করা। বস্ত্র ও পাট খাতে আন্তর্জাতিক বাজারের সাথে সংগতি রেখে দক্ষ ব্যবস্থাপক ও কর্মী তৈরি ,তাঁতীদের নিজস্ব পেশায় টিকিয়ে রাখা এবং বস্ত্র ও পাট খাতে এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারি খাতকে অধিকতর কার্যকরভাবে সম্পৃক্ত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বন্ধ ঘোষিত সরকারি পাটকলগুলো লীজ পদ্ধতিতে দুত চালু করা। চর্তুথ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ প্রযুক্তিবিদ তৈরিতে ২০২৭ এর মধ্যে নতুন ১৫(পনের) টি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন। ২০২৪ সালের মধ্যে বস্ত্র ও পাট জাদুঘর স্থাপন এবং জামদানি পল্লী স্থাপন।পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ । বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় ও আলোচনার মাধ্যমে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন। বস্ত্র ও পাট খাতের তথ্য সংরক্ষণের জন্য ২০২৫ এর মধ্যে এমআইএস স্থাপন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার সেবা ২০২৭ এর মধ্যে অনলাইনে প্রদান । বস্ত্র ও পাট খাত সংশ্লিষ্ট ভূমি ব্যবহার নীতিমালা প্রস্তুতকরণ । তাঁতীদের ঋণ সহায়তা প্রদান এবং রেশম সুতা ও রেশম বস্ত্র উৎপাদন বৃদ্ধি।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিটিএমসি'র বন্ধ মিলসমূহের মধ্যে আরো ২টি মিল পিপিপি'র আওতায় চালুকরণের লক্ষ্যে সিসিইএ'র চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ ;
- ৩.২০ লক্ষ রোগমুক্ত তুঁত চারা উৎপাদন ও বিতরণ;
- ১,২০০ জন তাঁতীকে ঋণ বিতরণ প্রদান ;
- রেশম ও তাঁত খাত সংশ্লিষ্ট ১,৬০০ জনকে প্রশিক্ষণ প্রদান ।

# **প্রস্তাবনা (Preamble)**

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২২ সালের জুলাই মাসের ০৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

প্রতিযোগিতাসক্ষম মানসম্পন্ন টেকসই বস্ত্র ও পাট খাত।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

বস্ত্র ও পাট খাতের উৎপাদনশীলতা ও বিপণন বৃদ্ধি এবং স্টেকহোল্ডারদের মধ্যে অংশীদারিত্ব সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ;

২. বস্ত্র ও পাট খাতে কারিগরি শিক্ষার উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি;

৩. বস্ত্র ও পাট শিল্পের সম্প্রসারণ এবং বিনিয়োগে সহযোগিতা প্রদান;

৪. বস্ত্র ও পাট খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. বস্ত্র ও পাট খাতের উন্নয়ন ও সম্প্রসারণে নীতি প্রণয়ন এবং পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়ন;

২. রাষ্ট্রীয় মালিকানাধীন বস্ত্র ও পাটকলসমূহের জমি ও অবকাঠামোর উৎপাদনশীল সদ্ব্যবহার নিশ্চিতকরণ;

৩. বস্ত্র ও পাটপণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজারজাতকরণ বিষয়ক কার্যক্রম গ্রহণ ও সমন্বয় সাধন;

৪. বস্ত্র ও পাটশিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে বেসরকারি খাতকে সহায়তা প্রদান;

৫. উন্নত ও মানসম্পন্ন বস্ত্র ও পাটপণ্যের উৎপাদন নিশ্চিত করার নিমিত্ত উপযুক্ত সহায়তা, সমথর্ন এবং সহযোগিতা প্রদান ;

৬. দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী বহুমূখী বস্ত্র ও পাটপণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে গবেষণা পরিচালনা ;

৭. বস্ত্র ও পাটশিল্পে বিদেশী বিনিয়োগ, বস্ত্রশিল্পে বিদেশীদের নিয়োগ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সংক্রান্ত বিষয়াদি;

৮. বস্ত্র ও পাটখাতে দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল তৈরীর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ২০২৫ সালে পাটজাত পণ্যের রপ্তানি প্রবৃদ্ধি ৭.২ % এ উন্নীত করা। | রপ্তানিকৃত অধিকতর পাটজাত পণ্য | শতকরা হার | ৬.৭ | ৬.৮ | ৬.৯ | ৭.০ | ৭.১ | পাট অধিদপ্তর , জেডিপিসি | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| ২০২৫ সালে জাতীয় বস্ত্র খাতের রপ্তানিতে তাঁত খাতের প্রবৃদ্ধি ২.৭ % এ উন্নীত করা। | রপ্তানিকৃত অধিকতর তাঁত পণ্য | শতকরা হার | ২.৫২ | ২.৫৫ | ২.৫৭ | ২.৫৮ | ২.৬ | বাংলাদেশ তাঁত বোর্ড | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ; | ২৫ | [১.১] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/ অংশগ্রহণ | [১.১.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ১ | ২ | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [১.২] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.২.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | সমষ্টি | লক্ষ | ২ | | | ৩.২ | ৩.১৫ | ৩.১০ | ৩.০৫ | | ৩.২ | ৩.২ |
| | | [১.৩] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত তুঁত চারা | সমষ্টি | লক্ষ | ২ | | | ৮.২ | ৮.১৫ | ৮.১০ | | | ৮.২০ | ৮.২০ |
| | | [১.৪] রেশম ডিম ও তুঁত চারা বিতরণ কার্যক্রম মনিটরিং । | [১.৪.১] অয়োজিত পরিদর্শন । | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৫ | ৫ |
| | | [১.৫] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.৫.১] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ২ | | ৮০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮০০ | | ৯০০ | ৯৫০ |
| | | [১.৬] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ। | [১.৬.১] টেন্ডার মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক প্রাইভেট পার্টনার নির্বাচনপূর্বক ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২৩ | ১৫.০৬.২৩ | ২৯.০৬.২৩ | | | | |
| | | [১.৭] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:টেন্ডার আহবানপূর্বক টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা। | [১.৭.১] টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকৃত। | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৬.২৩ | ২৫.০৬.২৩ | | | | | |
| | | [১.৮] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৮.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী (পুরুষ ও মহিলা) তাঁতী | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০৩০ | ১২০০ | ১১০০ | ১০৫০ | ১০৩০ | | ১৩০০ | ১৪০০ |
| | | [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | [১.৯.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | সমষ্টি | মেঃটন | ২ | | ৪০০ | ১০৯ | | | | | ৫৫০ | ৬০০ |
| | | | [১.৯.২] উন্নত মানের পাটবীজ উৎপাদন/সংগ্রহ | সমষ্টি | মেঃটন | ১ | | | ১০০ | | | | | ৫৫০ | ৫৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন ওয়েবসাইটে প্রকাশ | [১.১০.১] প্রকাশিত সংকলন | তারিখ | তারিখ | ২ | | ০১.০৫.২২ | ০১.০৬.২৩ | ১৫.০৬.২৩ | ৩০.০৫.২৩ | | | | |
| | | | [১.১০.২] প্রচারের লক্ষ্যে অংশীজন সভা আয়োজনকৃত। | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |
| | | [১.১১] বন্ধ ঘোষিত ২৫টি পাটকলের মধ্যে এ অর্থবছরে ৫টি মিল লিজ প্রক্রিয়া সম্পাদন | [১.১১.১] লিজ চুক্তি সম্পাদিত | তারিখ | তারিখ | ২ | | | ০৭.০২.২৩ | ২২.০২.২৩ | ০৭.০৩.২৩ | ০৬.০৪.২৩ | | | |
| | | | [১.১১.২] বেসরকারি ব্যবস্থাপনায় পুন:চালুর জন্য হস্তান্তরের লক্ষ্যে ইজারা চুক্তি সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ২ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৩ | ৩ |
| | | [১.১২] রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান | [১.১২.১] প্রদান কৃত আদর্শ পলুঘর | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৮০০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ৮৫০ | ৯০০ |
| | | | [১.১২.২] রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান কার্যক্রম পরিদর্শনকৃত। | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৫ |
| | | [১.১৩] রেশম বস্ত্র উৎপাদন | [১.১৩.১] উৎপাদিত রেশম বস্ত্র | সমষ্টি | দৈঘ্য (মিটার) | ১ | | | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | | ৯৫০০ | ১০০০০ |
| [২] বস্ত্র ও পাট খাতে কারিগরি শিক্ষার উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি; | ১৯ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | সমষ্টি | শতকরা হার | ২ | | | ৮২ | ৭৭ | ৭২ | ৬৭ | | ৮৩ | ৮৪ |
| | | | [২.১.২] ক্লাস তদারকির লক্ষ্যে আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৫ |
| | | [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০০ | ৯০০ | ১১৫০ | | | | | ১৭০০ | ৮৫০ |
| | | [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৪৫০০ | ২০০০০ | ১৫০০০ | | | | | ২০০০০ | ২০০০০ |
| | | [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [২.৫] মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব ( Learning session ) আয়োজন | [২.৫.১] আয়োজিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন ( Learning session ) পর্ব | সমষ্টি | সংখ্যা | ২ | | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | | ৬ | ৬ |
| | | [২.৬] বহুমুখী পাটপণ্যের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ২০০ | ২৫০ | ৩০০ | ২৮০ | ২৫০ | | | ২২০ | ২৫০ |
| | | [২.৭] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [২.৭.১] আয়োজিত ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৩ | ৫ | ৪ | ৩ | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] বস্ত্র ও পাট শিল্পের সম্প্রসারণ এবং বিনিয়োগে সহযোগিতা প্রদান; | ১৪ | [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রাপ্তির আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমা অনুযায়ী নিষ্পত্তি | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ২ | ৯৫ | ৯৬.৫ | ৯৬.৮ | ৯৬.৭ | ৯৬.৬ | ৯৬.৫ | | ৯৬ | ৯৬ |
| | | [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমার মধ্যে নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ২.৫ | ৯২ | ৯০ | ৯৬ | ৯৫.৫ | ৯৫.২ | ৯৫ | | ৯৬ | ৯৬ |
| | | [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপের সিদ্ধান্ত বাস্তবায়ন। | [৩.৩.১] ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র পরিদর্শন কালে প্রদত্ত ফিডব্যাক বাস্তবায়নের হার | সমষ্টি | শতকরা হার | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | সমষ্টি | কোটি মিটার | ২.৫ | ৩.৯ | ৩.৬৮ | ৪ | ৩.৬ | ৩.২ | ২.৮ | | ৩.৫ | ৩.৬ |
| | | [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৫০ | ৩৫০ | ৮০০ | ৭৫০ | ৭০০ | | | ৪০০ | ৪২০ |
| | | [৩.৬] পাট বিধিমালা প্রনয়ণ। | [৩.৬.১] জারীকৃত পাট বিধিমালা | তারিখ | তারিখ | ১ | | | ০৪.০৫.২৩ | ৩০.০৫.২৩ | ১১.০৬.২৩ | ২০.০৬.২৩ | | | |
| | | [৩.৭] বহুমুখী পাটপণ্যের উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ বিষয়ক অংশীজন সভা আয়োজন | [৩.৭.১] অনুষ্ঠিত অংশীজন সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২ | ১ | | | | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] বস্ত্র ও পাট খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ; | ১২ | [৪.১] উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন | [৪.১.১] উৎপাদিত তুঁতকাটিংস | সমষ্টি | মে: টন | ২ | | ১০.৫ | ১০.৭০ | ১০.৬০ | ১০.৫৫ | ১০.৫০ | | ১০.৭০ | ১০.৯০ |
| | | [৪.২] একটি তুঁতজাত উদ্ভাবনের লক্ষ্যে Hybridization এর মাধ্যমে প্রাপ্ত বীজসমূহ রোপন, Germination % পর্যবেক্ষণ , Servibility % পর্যবেক্ষণ করণ | [৪.২.১] তুঁতচারা উৎপাদনের লক্ষ্যে বীজসমূহ রোপন, Germination % , Servibility % পর্যবেক্ষণ কৃত। | তারিখ | তারিখ | ৩ | | ০১.০৫.২২ | ০১.০৫.২৩ | ৩০.০৫.২৩ | ১৫.০৬.২৩ | | | | |
| | | [৪.৩] একটি রেশমকীটজাত উদ্ভাবনের লক্ষ্যে F1 (First Generation) থেকে রিয়ারিং এর মাধ্যমে F4 (fourth Generation) এবং F4 (fourth Generation) কে ব্যাকক্রস করে F5 (fifth Generation) এর রিয়ারিং তৈরীকরণ | [৪.৩.১] F5 (fifth Generation) এর রিয়ারিং তৈরীকৃত | তারিখ | তারিখ | ৩ | | ০১.০৫.২২ | ০১.০৫.২৩ | ০১.০৬.২৩ | ২০.০৬.২৩ | | | | |
| | | [৪.৪] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | [৪.৪.১] আয়োজিত মতবিনিময় সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | [৪.৫] টেক্সটাইল সংক্রান্ত শেখ রাসেল টেক্সটাইল ইন্সটিটিউট,মাদারগঞ্জ জামালপুর চালু করা | [৪.৫.১] চালু কৃত নতুন শিক্ষা প্রতিষ্ঠান | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৩.২৩ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................................ ................................................................

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

................................................................ ................................................................

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ২ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৩ | টিভিআই | টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট , বস্ত্র অধিদপ্তরের অধীন ৪২টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট রয়েছে। |
| ৪ | পিপিপি | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ |
| ৫ | পোষক কর্তৃপক্ষ | বস্ত্র শিল্প সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য স্পনসরিং কর্তৃপক্ষ |
| ৬ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন |
| ৭ | বিটিএমসি | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/ অংশগ্রহণ | [১.১.১] আয়োজিত মেলা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | একাধিক মেলা আয়োজনের ক্ষেত্রে প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করা হবে। উক্ত সামারি শিটে মেলা আয়োজনের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, অংশগ্রহণকারীরর সংখ্যা ও সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকবে । ; |
| [১.২] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.২.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | ভাতা/সেবা প্রদান সংক্রান্ত সূচকের ক্ষেত্রে জেলা/উপজেলাভিত্তিক ভাতা/সেবার নাম, ভাতা/সেবা প্রাপ্তদের সংখ্যা, ভাতা/সেবা প্রদানের তারিখ প্রভৃতি তথ্য সম্বলিত একটি সামারি শিট দাখিল করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে ভাতা/সেবা গ্রহীতাদের নাম-ঠিকানা স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে; |
| [১.৩] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত তুঁত চারা | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | ভাতা/সেবা প্রদান সংক্রান্ত সূচকের ক্ষেত্রে জেলা/উপজেলাভিত্তিক ভাতা/সেবার নাম, ভাতা/সেবা প্রাপ্তদের সংখ্যা, ভাতা/সেবা প্রদানের তারিখ প্রভৃতি তথ্য সম্বলিত একটি সামারি শিট দাখিল করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে ভাতা/সেবা গ্রহীতাদের নাম-ঠিকানা স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে; |
| [১.৪] রেশম ডিম ও তুঁত চারা বিতরণ কার্যক্রম মনিটরিং । | [১.৪.১] অয়োজিত পরিদর্শন । | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | পরিদর্শন/তদারকির লক্ষ্যমাত্রা অর্জনের দাবী করা হলে এরূপ পরিদর্শন/তদারকির তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের স্থান/সাইট/অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) একটি সামারি শিট দাখিল করতে হবে। সকল পরিদর্শন/তদারকি প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |
| [১.৫] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.৫.১] পরিচালিত মোবাইল কোর্ট | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| [১.৬] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ। | [১.৬.১] টেন্ডার মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক প্রাইভেট পার্টনার নির্বাচনপূর্বক ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণকৃত | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -৩ শাখা | পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের কপি |
| [১.৭] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:টেন্ডার আহবানপূর্বক টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা। | [১.৭.১] টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকৃত। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -৩ শাখা | পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:টেন্ডার আহবানপূর্বক টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন |
| [১.৮] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৮.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী (পুরুষ ও মহিলা) তাঁতী | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | ভাতা/সেবা প্রদান সংক্রান্ত সূচকের ক্ষেত্রে জেলা/উপজেলাভিত্তিক ভাতা/সেবার নাম, ভাতা/সেবা প্রাপ্তদের সংখ্যা, ভাতা/সেবা প্রদানের তারিখ প্রভৃতি তথ্য সম্বলিত একটি সামারি শিট দাখিল করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে ভাতা/সেবা গ্রহীতাদের নাম-ঠিকানা স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে; |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | [১.৯.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | ভাতা/সেবা প্রদান সংক্রান্ত সূচকের ক্ষেত্রে জেলা/উপজেলাভিত্তিক ভাতা/সেবার নাম, ভাতা/সেবা প্রাপ্তদের সংখ্যা, ভাতা/সেবা প্রদানের তারিখ প্রভৃতি তথ্য সম্বলিত একটি সামারি শিট দাখিল করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে ভাতা/সেবা গ্রহীতাদের নাম-ঠিকানা স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে; |
| | [১.৯.২] উন্নত মানের পাটবীজ উৎপাদন/সংগ্রহ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট -২ শাখা | উন্নত মানের পাটবীজ উৎপাদনের জেলা ভিত্তিক সামারী শিট |
| [১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন ওয়েবসাইটে প্রকাশ | [১.১০.১] প্রকাশিত সংকলন | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | প্রকাশিত সংকলনের কপি |
| | [১.১০.২] প্রচারের লক্ষ্যে অংশীজন সভা আয়োজনকৃত। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | প্রচারের লক্ষ্যে অংশীজন সভার কার্যবিবরনী |
| [১.১১] বন্ধ ঘোষিত ২৫টি পাটকলের মধ্যে এ অর্থবছরে ৫টি মিল লিজ প্রক্রিয়া সম্পাদন | [১.১১.১] লিজ চুক্তি সম্পাদিত | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-১ শাখা | বন্ধ ঘোষিত পাটকল সমূহের লীজ প্রদানের প্রক্রিয়া সম্পাদনে চুক্তি স্বাক্ষরের ফরওয়ার্ডিং |
| | [১.১১.২] বেসরকারি ব্যবস্থাপনায় পুন:চালুর জন্য হস্তান্তরের লক্ষ্যে ইজারা চুক্তি সম্পাদিত | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-১ শাখা | লিজের চুক্তি সম্পাদিত মিলসমূহের তালিকা |
| [১.১২] রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান | [১.১২.১] প্রদান কৃত আদর্শ পলুঘর | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | ভাতা/সেবা প্রদান সংক্রান্ত সূচকের ক্ষেত্রে জেলা/উপজেলাভিত্তিক ভাতা/সেবার নাম, ভাতা/সেবা প্রাপ্তদের সংখ্যা, ভাতা/সেবা প্রদানের তারিখ প্রভৃতি তথ্য সম্বলিত একটি সামারি শিট দাখিল করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে ভাতা/সেবা গ্রহীতাদের নাম-ঠিকানা স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে; |
| | [১.১২.২] রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান কার্যক্রম পরিদর্শনকৃত। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | পরিদর্শন/তদারকির লক্ষ্যমাত্রা অর্জনের দাবী করা হলে এরূপ পরিদর্শন/তদারকির তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের স্থান/সাইট/অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) একটি সামারি শিট দাখিল করতে হবে। সকল পরিদর্শন/তদারকি প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |
| [১.১৩] রেশম বস্ত্র উৎপাদন | [১.১৩.১] উৎপাদিত রেশম বস্ত্র | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | বাংলাদেশ রেশম বোর্ডের মহাপরিচালকের স্বাক্ষরিত রেশম বস্ত্র উৎপাদনের প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা প্রতিষ্ঠান ভিত্তিক । |
| | [২.১.২] ক্লাস তদারকির লক্ষ্যে আয়োজিত সভা | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | একাধিক সভা/অনলাইন সভা আয়োজনের ক্ষেত্রে প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে সভা/অনলাইন সভা আয়োজনের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, অংশগ্রহণকারীর সংখ্যা ও সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে। সকল সভার কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে; |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | মন্ত্রণালয়ে গঠিত পরিদর্শন দল | পরিদর্শন/তদারকির লক্ষ্যমাত্রা অর্জনের দাবী করা হলে এরূপ পরিদর্শন/তদারকির তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের স্থান/সাইট/অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) একটি সামারি শিট দাখিল করতে হবে। সকল পরিদর্শন/তদারকি প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |
| [২.৫] মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব ( Learning session ) আয়োজন | [২.৫.১] আয়োজিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন ( Learning session ) পর্ব | প্রশাসন অনুবিভাগ , প্রশাসন অধিশাখা , প্রশাসন-১ শাখা | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [২.৬] বহুমুখী পাটপণ্যের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [২.৭] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [২.৭.১] আয়োজিত ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রাপ্তির আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমা অনুযায়ী নিষ্পত্তি | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | নির্ধারিত কার্যদিবসের মধ্যে আবেদন নিষ্পত্তি সংক্রান্ত সূচকের ক্ষেত্রে (উদাহরণস্বরুপ পরামর্শ সেবা/বিদ্যুৎ সংযোগ প্রদান ইত্যাদি) প্রমাণক হিসাবে একটি স্বাক্ষরিত সামারি শিট দাখিল জরতে হবে। সামারি শিটে প্রদত্ত সেবার নাম, আবেদন প্রাপ্তির তারিখ, নিষ্পত্তির তারিখ ও কত কার্যদিবসে আবেদন নিষ্পত্তি করা হয়েছে তা উল্লেখ করতে হবে; |
| [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমার মধ্যে নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | নির্ধারিত কার্যদিবসের মধ্যে আবেদন নিষ্পত্তি সংক্রান্ত সূচকের ক্ষেত্রে (উদাহরণস্বরুপ পরামর্শ সেবা/বিদ্যুৎ সংযোগ প্রদান ইত্যাদি) প্রমাণক হিসাবে একটি স্বাক্ষরিত সামারি শিট দাখিল জরতে হবে। সামারি শিটে প্রদত্ত সেবার নাম, আবেদন প্রাপ্তির তারিখ, নিষ্পত্তির তারিখ ও কত কার্যদিবসে আবেদন নিষ্পত্তি করা হয়েছে তা উল্লেখ করতে হবে; |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপের সিদ্ধান্ত বাস্তবায়ন । | [৩.৩.১] ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র পরিদর্শন কালে প্রদত্ত ফিডব্যাক বাস্তবায়নের হার | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নে হার সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে সংশ্লিষ্ট তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী, প্রদত্ত সুপারিশের সংখ্যা, বাস্তবায়িত সুপারিশের সংখ্যা) সংশ্লিষ্ট কর্মর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। তবে এক্ষেত্রে পরিদর্শনকৃত অফিস হতে প্রেরিত প্রতিপালন প্রতিবেদনের কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে; |
| [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের মাস ভিত্তিক বিবরনী |
| [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | পরিদর্শন/তদারকির লক্ষ্যমাত্রা অর্জনের দাবী করা হলে এরূপ পরিদর্শন/তদারকির তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের স্থান/সাইট/অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) একটি সামারি শিট দাখিল করতে হবে। সকল পরিদর্শন/তদারকি প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |
| [৩.৬] পাট বিধিমালা প্রনয়ণ । | [৩.৬.১] জারীকৃত পাট বিধিমালা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | জারীকৃত পাট বিধিমালা কপি । |
| [৩.৭] বহুমুখী পাটপণ্যের উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ বিষয়ক অংশীজন সভা আয়োজন | [৩.৭.১] অনুষ্ঠিত অংশীজন সভা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | একাধিক সভা/অনলাইন সভা আয়োজনের ক্ষেত্রে প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে সভা/অনলাইন সভা আয়োজনের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, অংশগ্রহণকারীর সংখ্যা ও সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে। সকল সভার কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে; |
| [৪.১] উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন | [৪.১.১] উৎপাদিত তুঁতকাটিংস | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা । | উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদনের মাসিক তথ্য । |
| [৪.২] একটি তুঁতজাত উদ্ভাবনের লক্ষ্যে Hybridization এর মাধ্যমে প্রাপ্ত বীজসমূহ রোপন, Germination % পর্যবেক্ষণ , Servibility % পর্যবেক্ষণ করণ | [৪.২.১] তুঁতচারা উৎপাদনের লক্ষ্যে বীজসমূহ রোপন, Germination % , Servibility % পর্যবেক্ষণ কৃত। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা ও বস্ত্র-২ শাখা । | গবেষণা/জরিপ/সমীক্ষা সংক্রান্ত সূচকের ক্ষেত্রে গবেষণা/জরিপ/সমীক্ষার শিরোনাম, গবেষক/প্রতিবেদক/জরিপকারক/সমীক্ষাকারীর নাম, গবেষণা/জরিপ/সমীক্ষা শুরু এবং সমাপ্তির তারিখ (প্রযোজ্যক্ষেত্রে) উল্লেখপূর্বক একটি সামারি শিট দাখিল করতে হবে। এক্ষেত্রে মূল প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |
| [৪.৩] একটি রেশমকীটজাত উদ্ভাবনের লক্ষ্যে F1 (First Generation) থেকে রিয়ারিং এর মাধ্যমে F4 (fourth Generation) এবং F4 (fourth Generation) কে ব্যাকক্রস করে F5 (fifth Generation) এর রিয়ারিং তৈরীকরণ | [৪.৩.১] F5 (fifth Generation) এর রিয়ারিং তৈরীকৃত | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা । | গবেষণা/জরিপ/সমীক্ষা সংক্রান্ত সূচকের ক্ষেত্রে গবেষণা/জরিপ/সমীক্ষার শিরোনাম, গবেষক/প্রতিবেদক/জরিপকারক/সমীক্ষাকারীর নাম, গবেষণা/জরিপ/সমীক্ষা শুরু এবং সমাপ্তির তারিখ (প্রযোজ্যক্ষেত্রে) উল্লেখপূর্বক একটি সামারি শিট দাখিল করতে হবে। এক্ষেত্রে মূল প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.৪] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | [৪.৪.১] আয়োজিত মতবিনিময় সভা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট -২ শাখা । | একাধিক সভা/অনলাইন সভা আয়োজনের ক্ষেত্রে প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে সভা/অনলাইন সভা আয়োজনের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, অংশগ্রহণকারীর সংখ্যা ও সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে। সকল সভার কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে; |
| [৪.৫] টেক্সটাইল সংক্রান্ত শেখ রাসেল টেক্সটাইল ইন্সটিটিউট,মাদারগঞ্জ জামালপুর চালু করা | [৪.৫.১] চালু কৃত নতুন শিক্ষা প্রতিষ্ঠান | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা । | নতুন শিক্ষা প্রতিষ্ঠান চালুর অফিস আদেশ । |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে সভা আয়োজন |
| কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | উত্তীর্ণ শিক্ষার্থী | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে সভা আয়োজন |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বস্ত্র আইন -২০১৮ | গবেষণা, তথ্যভান্ডারপ্রতিষ্ঠা, তথ্য সংরক্ষণ ইত্যাদি ১৬। (৫) অধিদপ্তর, তথ্য ভাণ্ডারে রক্ষিত তথ্যাদি বিশ্লেষণ করিবে এবং বার্ষিক ভিত্তিতে নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত পুস্তিকা মুদ্রণ এবং ওয়েবসাইটে প্রকাশ করিবে। | [১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত পুস্তিকা ওয়েবসাইটে প্রকাশ | |
| ২ | বস্ত্র আইন -২০১৮ ও ৮ম পঞ্চম বার্ষিক কর্মপরিকল্পনা | বস্ত্রখাতের দক্ষ জনবল সৃষ্টি, ইত্যাদি ১১। (২) সরকার, বস্ত্রখাতে দক্ষ জনবল সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয়, কলেজ, ডিজাইন ইনস্টিটিউট, ফ্যাশন ইনস্টিটিউট, টেক্সটাইল ট্রেনিং সেন্টার (টিটিসি) স্থাপনের পদক্ষেপ গ্রহণ করিবে। | [৪.৬] টেক্সটাইল সংক্রান্ত নতুন শিক্ষা প্রতিষ্ঠান চালু করা | |
| ৩ | বস্ত্র আইন -২০১৮ | বস্ত্রখাতের দক্ষ জনবল সৃষ্টি, ইত্যাদি ১১। (১) সরকার, বস্ত্রখাতে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে, প্রয়োজনীয় সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে। | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | |
| ৪ | বস্ত্র আইন -২০১৮ | ওয়ানস্টপসার্ভিস ৬। (১) বস্ত্রশিল্প সংশ্লিষ্ট কোনো প্রকল্প বা উদ্যোগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তা বা বিনিয়োগকারী গণকে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাসহ আনুষঙ্গিক সকল সেবা, সুবিধা, প্রণোদনা, অনুমতি, ছাড়পত্র, লাইসেন্স, পারমিট ইত্যাদি প্রদান দ্রুত নিশ্চিত করণের লক্ষ্যে একটি ওয়ানস্টপ সার্ভিসকেন্দ্র থাকিবে। | [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপ করণ । | |
| ৫ | নির্বাচনী ইশতেহার ২০১৮ | রপ্তানি বহুমুখীকরণের ক্ষেত্রে সম্ভাবনাময় খাত হেসেবে পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখা হবে | [৪.৫] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | |

# সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ